

৫ নভেম্বর ২০১৬ তারিখে ৪৫ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট থেকে জাতীয় সমবায় পুরস্কার ২০১৪ গ্রহণ করছেন বিআরডিবিভূক্ত 'কাশিমনগর বিত্তহীন সমবায় সমিতি লিঃ' এর সভাপতি জনাব মোঃ ইউনুস আলী



যোগাযোগ : মহাপরিচালক

**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**

পল্লী ভবন, ৫ কারওয়ান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

ফোন : ৮৮-০২-৮১৮০০০২
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮০০০৩
PABX : 8180030-34
E-mail : dg@brdb.gov.bd
Website : www.brdb.gov.bd
Facebook Page : www.facebook.com/brdb.gov


অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ





৪র্থ জাতীয়

# উন্নয়ন মেলা ২০১৮

৪-৬ অক্টোবর

## উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী উন্নয়নের সূর্য সারথি

## পটভূমি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড গঠনের পর থেকে কেন্দ্রীয় সমবায় সমিতিসমূহ ও গ্রামভিত্তিক প্রাথমিক সমবায় সমিতিসমূহের বিকাশ ও উন্নয়নে কার্যকর ভূমিকা রেখে চলেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সনে ষাটের দশকের শুরুতে প্রখ্যাত সমাজ বিজ্ঞানী ড. আখতার হামিদ খাঁন কর্তৃক প্রবর্তিত 'কুমিল্লা মডেল' বা 'দ্বি-স্তর সমবায় ব্যবস্থার" সফলতাদৃষ্টে কর্মসূচিটি দেশব্যাপী সম্প্রসারণের লক্ষ্যে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি (আইআরডিপি) গ্রহণ করেন। এই কর্মসূচি পল্লী এলাকার জনগণকে সংগঠিত করে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পল্লী উন্নয়নের লক্ষ্যে বহুমাত্রিক প্রয়াস গ্রহণ করে; অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, উন্নত কৃষি ব্যববস্থাপনা, কৃষি পণ্যের বাজারজাতকরণ, আধুনিক সেচ ব্যবস্থার সম্প্রসারণ প্রভৃতির মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলে কর্মসংস্থান সৃজন। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় পল্লী উন্নয়ন ও দারিদ্র দূরীকরণের কর্মকৌশল হিসেবে এ বহুমাত্রিক ও বহুখাতব্যাপী কর্মসূচিটি গ্রহণ করা হয়। সদ্য স্বাধীন বাংলাদেশে এ কর্মসূচি গ্রামীণ সংগঠন সৃষ্টি, নেতৃত্বের বিকাশ, কৃষির আধুনিকায়ন, উৎপাদন বৃদ্ধি, দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন এবং নিজস্ব সঞ্চয় ও শেয়ারের মাধ্যমে পুঁজি গঠন করে ক্ষুদ্র ঋণের ভিত্তি রচনায় উল্লেখযোগ্য ভূমিকা রাখে । এর ক্রমধারায় এক অধ্যাদেশ এর আওতায় একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান (Body Corporate) হিসেবে ১৯৮২ সনে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি (আইআরডিপি) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এ রূপান্তরিত হয়। গত ৭ মার্চ, ২০১৮ তারিখে উক্ত অধ্যাদেশ এর স্থলে বোর্ডের পরিচালনা পর্ষদ, সাংগঠনিক কাঠামো ও পল্লী উন্নয়ন দলের ভূমিকায় নতুন মাত্রা সংযোজন করে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ প্রবর্তিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদার ও প্রাগ্রসর নেতৃত্বে পল্লী উন্নয়ন ও দারিদ বিমোচনের লক্ষ্যে গৃহীত সরকারের উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতায় নবতর সম্ভাবনা উন্মোচন ও উদ্ভাবনশীল উদ্যোগ গ্রহণে পথিকৃতের ভূমিকা পালনে বিআরডিবি প্রতিজ্ঞাবদ্ধ।

### বিআরডিবি'র ভিশন

মানব সংগঠন ভিত্তিক উন্নত পল্লী।

### বিআরডিবি'র মিশন

স্থানীয় জনগোষ্ঠীকে সংগঠিত করে প্রশিক্ষণ, মূলধন গঠন এবং আধুনিক প্রযুক্তি, বিদ্যমান সুযোগ ও সম্পদের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে আত্মনির্ভরশীল উন্নত পল্লী।

### অভীষ্ট জনগোষ্ঠী

দেশের সকল উপজেলাধীন পল্লী অঞ্চলে স্থায়ীভাবে বসবাসকারী বিভিন্ন শ্রেণী পেশার জনগণ: যেমন- ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, বর্গাচাষি, বিত্তহীন জনগোষ্ঠী, দুঃস্থ ও অসহায় মহিলা, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা, বিশেষায়িত অঞ্চলের পশ্চাৎপদ জনগোষ্ঠী ইত্যাদি।

### চলমান উন্নয়ন প্রকল্প

* অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায়।
* উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচী ২য় পর্যায়।
* গাইবান্ধা সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসংস্থান সহায়তা প্রকল্প

### প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ

* বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিআরডিটিআই), সিলেট।
* নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (এনআরডিটিসি), নোয়াখালী
* টাঙ্গাইল মহিলা উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট, টাঙ্গাইল।

### বিআরডিবি'র কার্যক্রম

* আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মানব সংগঠন সৃষ্টি
* মানবিক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ
* সম্প্রসারণ ব্যবস্থাপনার মাধ্যমে প্রযুক্তি হস্তান্তর
* উপকারভোগীদের মূলধন সৃষ্টি ও এর ব্যবস্থাপনা
* কৃষি ঋণ ও ক্ষুদ্র ঋণ বিতরণ ও এর ব্যবস্থাপনা
* প্রশিক্ষণোত্তর সহায়তা প্রদান
* কৃষি ও সেচ সম্প্রসারণ
* উৎপাদিত পণ্য সংরক্ষণ ও বাজারজাতকরণ
* স্থানীয় উদ্যোগকে উৎসাহ ও সহায়তা প্রদান
* সচেতনতা বৃদ্ধি ও পরামর্শ সেবা কার্যক্রম
* বিভিন্ন অংশীজনদের (Stakeholder) মাঝে সমন্বয় সাধন
* স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান
* অংশীদারিত্বের ভিত্তিতে ক্ষুদ্র স্কিম বাস্তবায়ন
* বিভিন্ন সেবা প্রদান কার্যক্রমের ডিজিটালাইজেশান।

# জানুয়ারি ২০০৯-২০১৮ পর্যন্ত অগ্রগতি

মানব সংগঠন সৃষ্টি
১৭,৪২২ টি





সদস্য অন্তর্ভূক্তি
৬,৯৯,৯৩৬ জন

শেয়ার জমা
৭,৯৯৪.০০ লক্ষ টাকা





সঞ্চয় জমা
১৯,৮৬০.৯৬ লক্ষ টাকা

ঋণ বিতরণ
৯,০৭,১২০.০০ লক্ষ টাকা





ঋণ আদায়
৮,৬১,১৭৬.৩১ লক্ষ টাকা

ঋণগ্রহীতা
৫৪,৬২,৯৭৫ জন





উপকারভোগী প্রশিক্ষণ
১৪,২৩,০০৬ জন

বৃক্ষরোপণ
২,৫৩১.৯৭ লক্ষ





গভীর নলকূপ মেরামত
৩৩৪ টি

ক্ষুদ্র অবকাঠামো নির্মান
৭,৩৫৮ টি





উপজেলা দপ্তর নির্মান/
মেরামত/সংস্কার-২৯৮ টি

### সফলতা/স্বীকৃতি

বিআইডিএস এর মূল্যায়ন (২০১০) অনুযায়ী দেশের জিডিপিতে বিআরডিবি'র অবদান ১.৯৩ শতাংশ।

## বিআরডিবি'র সাম্প্রতিক কর্মকাণ্ড



মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং মহাপরিচালক, বিআরডিবি এর মধ্যে এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান




পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের উপস্থিতিতে বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনা সভা



উত্তরাঞ্চলের দরিদ্র মহিলাদের কার্যক্রম আয় উৎসাহি প্রশিক্ষণ কার্যক্রম



হাড়িয়া বেলেমাঠ মহিলা সমিতির সদস্য হালিমা খাতুন ফুল চাষের প্রশিক্ষণ নিয়ে বানিজ্যিকভাবে ফুলচাষ করে স্বাবলম্বী, ঝিকরগাছা, যশোর




কৃষি উৎপাদন বৃদ্ধিকল্পে প্রদর্শনী প্লট



বিআরডিবি'র সুফলভোগী সদস্যদের মোবাইল সার্ভিসিং বিষয়ে প্রশিক্ষণ



প্রশিক্ষণ গ্রহন করে বানিজ্যিকভাবে ভার্মি কম্পোষ্ট সার প্রস্তুত কার্যক্রম, যশোর সদর উপজেলা



ভেকটমারী মহিলা সমিতির সদস্য পূর্ণিমা সরকার এর কাঁকড়া গ্রেডিং কার্যক্রম, রামপাল, বাগেরহাট



বৃত্তিমূলক প্রশিক্ষণ : সূচিশিল্প